যুগান্তর

তারিখ ... 28 DEC 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6 ...

# শাবিতে 'এ' ইউনিটের অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি আজ

**শাবি প্রতিনিধি**

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০১৬-১৭ সেশনের স্নাতক , (সম্মান) প্রথমবর্ষের 'এ' ইউনিটের অপেক্ষমাণ তালিকা থেকে আজ ভর্তি অনুষ্ঠিত হবে। এর আগে মঙ্গলবার 'বি' ইউনিটের অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি সম্পন্ন হয়। আসন খালি থাকা সাপেক্ষে এই দুটি ইউনিটে সামনের সপ্তাহেই পুনরায় অপেক্ষমাণ তালিকা থেকে ভর্তি শুরু হবে বলে জানান ভর্তি কমিটির সদস্য সচিব অধ্যাপক ড. এএইচএম বেলায়েত হোসেন।

ড. বেলায়েত হোসেন বলেন, আজ সকাল ৯টায় 'এ' ইউনিটে অপেক্ষমাণ তালিকায় বিজ্ঞানের ১-২৩০, মানবিকের ১-৫০ এবং বাণিজ্যের অপেক্ষমাণ তালিকার ১-২০ পর্যন্ত শিক্ষার্থীকে সাক্ষাৎকার ও ভর্তির জন্য ডাকা হয়েছে।